

গণশিক্ষা উপদেষ্টা

আদিবাসী শিক্ষার্থীদের পাঠদান সহজে বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে

- আদিবাসী শিক্ষক নিয়োগের কাঠামোগত সমস্যা
- যোগ্য শিক্ষকেরও অভাব রয়েছে
- উপযুক্ত শিক্ষার অভাবে বেকারত্বের সংখ্যা বাড়ছে


চাঁপাইনবাবগঞ্জ
প্রতিনিধি

২৩ ফেব্রুয়ারি, ২০২৫
১৪:৫০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় বলেছেন, আদিবাসী শিক্ষার্থীদের পাঠদান সহজে বিশেষ ব্যবস্থা হাতে নিয়েছে সরকার। এই ভাষার বইয়ের ওপর অনলাইন কন্টেন্ট ও লেকচার তৈরি করব। যাতে করে শিশুরা দেখে দেখে শিখতে পারে। তবেই পাঠদান সহজ হবে।

আজ রবিবার (২৩ ফেব্রুয়ারি) দুপুরে চাঁপাইনবাবগঞ্জে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকল্পে জেলা প্রশাসন এবং প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময়সভায় এসব কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আব্দুস সামাদ।

আরো পড়ুন



কুড়িগ্রামে যৌথ বাহিনীর অভিযানে ২ মাদক কারবারি আটক

ডা. বিধান রঞ্জন রায় বলেন, ‘আদিবাসী শিক্ষক নিয়োগের কাঠামোগত সমস্যা আছে, এতে যোগ্য শিক্ষকেরও অভাব রয়েছে। উপযুক্ত শিক্ষার অভাবে বেকারত্বের সংখ্যা বাড়ছে।

ফলে প্রাথমিকের শিক্ষকদেরও পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে।’

আরো পড়ুন



অশ্রু উঁচিয়ে মাইকে চাঁদাবাজির ঘোষণা, যুবদল নেতা বহিষ্কার

এ সময় জেলার সব উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরে উপদেষ্টা শিবগঞ্জ উপজেলার কয়েকটি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন।